

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
মনিটরিং-১ শাখা।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা- ৪৬.০০.০০০০.০৯৯.০৬.০০১.২৩- ১০৯


তারিখ: ২২ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ।  
০৫ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে পরবর্তী নির্দেশনা না আসা পর্যন্ত নির্ধারিত স্বাস্থ্যবিধি প্রতিপালন প্রসংগে।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের সমন্বয় ও কাউন্সিল শাখার স্মারক নং-১০০, তারিখ: ০৩ এপ্রিল, ২০২৩।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের সিদ্ধান্ত মোতাবেক কোভিড-১৯ মোকাবেলায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত স্বাস্থ্যবিধি মেনে চলার উপর গুরুত্বারোপের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে -----পাতা।

 . ০৫.০৪.২০২৩  
ড. মাসুরা বেগম  
উপসচিব

ফোন: +৮৮-০২-৯৫১৪৬১১  
E-mail: mon1@lgd.gov.bd

বিতরণ (সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে):

- ১। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়,-----বিভাগ (সকল)।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়,-----জেলা (সকল)।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সমন্বয় ও কাউন্সিল শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

বিষয় : স্থানীয় সরকার বিভাগের ফেব্রুয়ারি ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মুহম্মদ ইব্রাহিম

সচিব, স্থানীয় সরকার বিভাগ

তারিখ : ২৯/০৩/২০২৩ খ্রিস্টাব্দ

স্থান : স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষ

সভায় কর্মকর্তাগণের উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সভাপতি মাসিক সমন্বয় সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে স্থানীয় সরকার বিভাগের নবযোগদানকৃত যুগ্মসচিব জনাব কবীর মাহমুদ (পরিচিতি নং ১৫০১৫), এবং সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ আবু নাছের (পরিচিতি নং ১১২৪৮)-কে এ বিভাগে স্বাগত জানানো হয়। এ বিভাগে কর্মরত উপসচিব ড. মাসুরা বেগম (পরিচিতি নং ৮২০৬) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় হতে “Challenges and Responses of Police Women in Investigation: A Study on Dhaka Metropolitan Police” বিষয়ে সাফল্যজনকভাবে ডক্টর অব ফিলোসফি (পিএইচডি) ডিগ্রি অর্জন করায় তাকে অভিনন্দন জানানো হয়। সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে আন্তরিকতা, সততা ও নিষ্ঠার সাথে কাজের গতি বৃদ্ধির আহ্বান জানান। তিনি এ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীকে নির্ধারিত সময়ে অফিসে উপস্থিতি এবং অবস্থানের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। অতঃপর এ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) সভাপতির নির্দেশক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন।

০২। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন। প্রতিটি বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১	<b>বিগত সভার কার্যবিবরণী :</b> সভায় উপস্থাপিত জানুয়ারি, ২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কারও কোন মন্তব্য রয়েছে কি না জানতে চাওয়া হয়। উপস্থিত সকলে জানান যে, কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয়েছে।	জানুয়ারি, ২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন করা হলো।	সমন্বয় ও কাউন্সিল শাখা
২.২	<b>স্বাস্থ্যবিধি (কোভিড-১৯) সংক্রান্ত :</b> সভায় বাংলাদেশে কোভিড-১৯ মোকাবিলায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত স্বাস্থ্যবিধি মেনে চলার উপর গুরুত্ব আরোপ করা হয়।	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে পরবর্তী নির্দেশনা না আসা পর্যন্ত নির্ধারিত স্বাস্থ্যবিধি প্রতিপালন করতে হবে।	সকল অনুবিভাগ, অধিশাখা ও শাখা